ওভার দ্যা টপ (ওটিটি) কনটেন্টভিত্তিক পরিষেবা প্রদান এবং পরিচালনা নীতিমালা-২০২১ (খসড়া) এর উপর সংশোধন/মতামত (যদি থাকে) আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখের মধ্যে (tv২@moi.gov.bd-এ সফট কপিসহ নিকষ ফন্টে) প্রেরণ করতে হবে।

# ওভার দ্যা টপ (ওটিটি) কনটেন্টভিত্তিক পরিষেবা প্রদান এবং পরিচালনা নীতিমালা-২০২১ (খসড়া)

প্রযুক্তির উৎকর্ষতার কারণে ইন্টারনেট বর্তমান সময়ে সভ্যতার গুরুত্বপূর্ণ অংশ। ডিজিটাল প্রযুক্তির ব্যবহার ব্যতীত দেশের উন্নয়ন অসম্ভব। বিশ্বের বিভিন্ন দেশের ন্যায় বাংলাদেশে ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করিয়া ওটিটি প্লাটফর্মের মাধ্যমে দর্শকদের চাহিদা বিবেচনায় রাখিয়া বিভিন্ন কনটেন্টভিত্তিক পরিষেবা প্রদান ও প্রচার কার্যক্রম চলমান রহিয়াছে। চিন্তা ও বিবেকের স্বাধীনতা এবং বাক স্বাধীনতা নিশ্চিতকরণের সুবিধার্থে ওটিটি কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করিবার জন্য সার্বিক সহযোগিতা করিতে সরকার বদ্ধ পরিকর।

দেশী বিদেশী মালিকানায় পরিচালিত ওটিটি প্ল্যাটফর্মে প্রচারিত কনটেন্টভিত্তিক পরিষেবা ও বিজ্ঞাপনে যাহাতে মহান মুক্তিযুদ্ধের আদর্শের পরিপন্থী, সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টকারী, রাষ্ট্রীয় শৃঙ্খলা ও অখন্ডার প্রতি হুমকি সৃষ্টিকারী তথা রাষ্ট্রের প্রচলিত আইনের পরিপন্থী কোন কনটেন্ট প্রচারিত না হয় তা নিশ্চিত করা এবং দেশীয় সংস্কৃতি, সামাজিক মূল্যবোধকে রক্ষা করা সরকারের দায়িত্ব। এই সকল বিষয়কে বিবেচনায় রাখিয়া ওটিটি (ওভার দ্যা টপ) কনটেন্টভিত্তিক পরিষেবা প্রদান ও পরিচালনা, এবং বিজ্ঞাপন প্রদর্শন নীতিমালা প্রণয়ন করা হইলো।

১. **শিরোনাম ও কার্যকরঃ**

১.১ এই নীতিমালা ওভার দ্যা টপ (ওটিটি) কনটেন্টভিত্তিক পরিষেবা প্রদান এবং পরিচালনা এবং বিজ্ঞাপন প্রদর্শন নীতিমালা ২০২১ নামে অভিহিত হইবে;

১.২ সরকারি গেজেটে প্রকাশের তারিখ হইতে এই নীতিমালা কার্যকর হইবে; এবং

১.৩ এই নীতিমালা ওভার দ্যা টপ (ওটিটি) কনটেন্টভিত্তিক পরিষেবা প্রদানকারী ও পরিচালনাকারী এবং বিজ্ঞাপন প্রদর্শনকারী এবং এই ইকোসিস্টেমের সাথে সংশ্লিষ্ট সকল ধরণের প্রতিষ্ঠান যা এই নীতিমালাতে সংজ্ঞায়িত হইয়াছে তাহাদেরকে মানিয়া চলিতে হইবে।

০২. **সংজ্ঞাঃ**

২.১ **কনটেন্ট (Content) বা তথ্য উপকরণ** অর্থ ওটিটি প্লাটফরমে ইন্টারনেট বা সমজাতীয় প্রযুক্তি ব্যবহার করিয়া পরিবেশিত/সম্প্রচারিত/প্রদর্শিত যে কোন তথ্য বা অনুষ্ঠান বা বিজ্ঞাপন এবং অশ্লীল তথ্য উপকরণ ও উহার অন্তর্ভূক্ত হইবে;

২.২ অশ্লীল কনটেন্ট অর্থ প্রচলিত আইন ও এই নীতিমালা ও তার অধীনে প্রণীতব্য সংশ্লিষ্ট সকল নির্দেশিকার বর্হিভূত কনটেন্ট;

২.৩ **নিবন্ধন কর্তৃপক্ষ** অর্থ সরকার কর্তৃক নিযুক্ত যে কোন কর্তৃপক্ষ;

২.৪ **ওটিটি সেবা প্রদানকারী** অর্থ ইন্টারনেট বা সমজাতীয় প্রযুক্তি ব্যবহার করিয়া গ্রাহকদের মধ্যে ডিজিটাল কনটেন্ট সম্প্রচারকারী প্রতিষ্ঠান;

২.৫ **ওভার দ্যা টপ (ওটিটি)** অর্থ এক ধরণের মিডিয়া পরিষেবা, যা দর্শকদের নিকট ইন্টারনেট বা সমজাতীয় প্রযুক্তির মাধ্যমে বিভিন্ন রকম বিনোদনমূলক অনুষ্ঠান, নাটক, সিনেমা, ডকুমেন্টারি, ফিকশন, নন-ফিকশন, স্পোর্টস, ডকুফিকশন, ইনফোটেইনমেন্ট, বিজ্ঞাপন, ভিডিও অন ডিমান্ড, বাংলাদেশের

অভ্যন্তরে সম্প্রচারের অথবা প্রদর্শনের জন্য অনুমতি প্রাপ্ত টেলিভিশন চ্যানেলের অপরিবর্তিত কনটেন্ট (সংবাদ ও টকশো ব্যতিত) এর সরাসরি সম্প্রচার বা ধারণকৃত কনটেন্ট সেবা ইত্যাদি;

২.৬ **নিষিদ্ধ কনটেন্ট** অর্থ মহান মুক্তিযুদ্ধের আদর্শ পরিপন্থী, সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টকারী, রাষ্ট্রীয় শৃঙ্খলা ও অখন্ডতার প্রতি হুমকি সৃষ্টিকারী তথা প্রচলতি আইনের পরিপন্থী, দেশীয় সংস্কৃতি বিরোধী, সামাজিক মূল্যবোধ বিনষ্টকারী কোন কনটেন্ট (Content) বা তথ্য উপকরণ।

২. ৭ OTT platform provider অর্থ একটি ডিজিটাল প্ল্যাটফর্ম যা গ্রাহক/ব্যবহারকারী বা তৃতীয় পক্ষকে কনটেন্ট (curated, uncurated) সেবা গ্রহণ বা আপলোড করিবার অনুমতি/সুবিধা প্রদান করে;

২.৮ Curated Content Provider হচ্ছে এমন একটি প্রতিষ্ঠান যে নিজের নির্মাণকৃত এবং/বা অন্যান্য প্রতিষ্ঠানকর্তৃক নির্মাণকৃত কনটেন্ট (খবর এবং সমসাময়িক বিষয়বস্তু ব্যতীত) যাচাই বাছাই করে কনটেন্টের ডিজিটাল পদ্ধতিতে বিতরণের চুক্তির অধীনে তার নিজস্ব প্লাটফর্মের মাধ্যমে গ্রাহকের কাছে কনটেন্ট সেবা প্রদান করিবে;

২.৯ Uncurated content provider or Intermediary platform (মধ্যস্থতাকারী) অর্থ একটি প্ল্যাটফর্ম যার মাধ্যমে একক ব্যক্তি বা প্রতিষ্ঠান নিজস্ব একাউন্ট বা পেজ ব্যবহার করে সর্বসাধারণের জন্য উন্মুক্ত বা closed user group এ কনটেন্ট (পাঠ্য, অডিও-ভিজ্যুয়াল বা অন্য কোনও আকারে) প্রকাশ করিতে পারিবে। যেমন ইউটিউব, ফেসবুক, গুগল সার্চ ইঞ্জিন ইত্যাদি;

২.১০ Significant Intermediary platform (উল্লেখযোগ্য মধ্যস্থতাকারী) অর্থ একটি মধ্যস্থতাকারী বা Uncurated content প্ল্যাটফর্ম যাহার ১০ লাখের বেশি নিবন্ধিত ব্যবহারকারী রয়েছে; যেমন ইউটিউব, ফেসবুক ইত্যাদি;

২.১১ গ্রাহক/ব্যবহারকারী অর্থ curated content platform ব্যবহার করিয়া কনটেন্ট সেবা গ্রহণকারী ব্যক্তি বা Uncurated content or Intermediary platform ব্যবহার করিয়া নিজস্ব কনটেন্ট প্রকাশকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান; এবং

২.১২ ভিডিও অন ডিমান্ড (ভিওডি) এমন একটি সেবা যার মাধ্যমে কোন একটি ডিজিটাল কনটেন্ট প্ল্যাটফর্মে গ্রাহক/ব্যবহারকারী নিবন্ধনের মাধ্যমে ওই প্ল্যাটফর্মে উপলব্ধ যেকোনো ভিডিও কনটেন্ট গ্রাহক তাহার চাহিদা অনুযায়ী এবং সুবিধামত যে কোন সময়ে দেখিতে পারিবে।

০৩. **নীতিমালা প্রণয়নের উদ্দেশ্যেঃ**

৩.১ সৃজনশীলতা লালন, সৃজনশীল শিল্পকর্ম তৈরীতে সহযোগিতা এবং চিন্তা ও বিবেকের স্বাধীনতাসহ বাক স্বাধীনতা সুনিশ্চিত করা;

৩.২ সৃজনশীল তথ্য উপকরণ (Content) নির্মাতা ও শিল্পীদের সৃজনশীল কাজের স্বাধীনতা ও নিরাপত্তা নিশ্চিত করা;

৩.৩ বয়স ভিত্তিক উপকরণ (Content) নির্বাচনে ভোক্তাকে ক্ষমতায়িত করা;

৩.৪ ভোক্তার সুবিধাজনক সময়ে তার পছন্দের কনটেন্ট (Content) উপভোগ করার সুযোগ সৃষ্টি করা;

৩.৫ Online curated content provider, ওটিটি কনটেন্ট নির্মাতা ও video streaming providerগণের বিরুদ্ধে আনীত নালিশ নিষ্পত্তির একটি পদ্ধতি প্রবর্তন করা;

৩.৬ OTT platform provider, ওটিটি কনটেন্ট নির্মাতা ও দর্শকদের আইনি সুরক্ষা প্রদান করিয়া জাতীয় রাজস্ব আদায় কার্যক্রম সহজতর করা;

৩.৭ দেশীয় সংস্কৃতি, সামাজিক মূল্যবোধকে রক্ষা করা;

৩.৮ দেশীয় কনটেন্ট নির্মাণে অনুপ্রাণিত করা এবং ইহার প্রসারে সহায়তা করা; এবং

৩.৯ কনটেন্ট ইকোসিস্টেমের সকল সেবা প্রদানকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে শৃঙ্খলা নিশ্চিতকরণে দিকনির্দেশনা প্রদান এবং তাহাদের জবাবদিহিতা নিশ্চিতকরণ।

**০৪. ওটিটি নিবন্ধন কর্তৃপক্ষঃ**

৪.১ এই সংক্রান্ত আইন, বিধিমালা প্রণীত না হওয়া পর্যন্ত সম্প্রচার নীতিমালা ২০১৪ এর আলোকে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ক্ষমতাবলে তাহার অধীনস্থ কোনো দপ্তর/সংস্থা নিবন্ধন কর্তৃপক্ষ হিসেবে নিবন্ধন প্রদান করিবে;

৪.২ নিবন্ধন কর্তৃপক্ষের নিবন্ধন ব্যতীত দেশী বা বিদেশী কোন ওটিটি প্ল্যাটফর্ম বাংলাদেশে কোন কনটেন্ট সম্প্রচার/প্রদর্শন/কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না; এবং

৪.৩ রাষ্ট্রের প্রচলিত আইন, বিধি বিধান অনুসরণপূর্বক ওটিটি প্ল্যাটফর্ম প্রতিষ্ঠানগুলি তাহাদের কার্যক্রম পরিচালনা করিতেছে কিনা তাহা তদারকির দায়িত্ব সংশ্লিষ্ট নিবন্ধন কর্তৃপক্ষের উপর ন্যস্ত থাকিবে।

**০৫. নিবন্ধনের শর্তাবলীঃ**

৫.১ এই নীতিমালার অধীনে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নিবন্ধন ব্যতীত বাংলাদেশ ইন্টারনেট বা সমমানের প্রযুক্তি ব্যবহার করিয়া কোনো দেশী বা বিদেশী প্রতিষ্ঠান ওটিটি প্ল্যাটফর্ম ব্যবহার করিয়া কোন প্রকার কনটেন্ট (Content), বিজ্ঞাপন সম্প্রচার/প্রদর্শন করিতে পারিবে না;

৫.২ ওটিটি প্ল্যাটফর্ম প্রতিষ্ঠান ওটিটি সেবা পরিচালনার জন্য নিবন্ধন প্রাপ্তির নিমিত্ত এই সংক্রান্ত বিষয়ে আইন, বিধি বিধান প্রণীত না হওয়া পর্যন্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ববাবরে নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে;

৫.৩ আগ্রহী কোনো সরকারি প্রতিষ্ঠান এক বা একাধিক ওটিটি প্লাটফর্ম পরিচালনা বা সেবা প্রদানের জন্য নির্ধারিত ফরমে আবেদন করিতে পারিবে; এবং

৫.৪ ওটিটি প্ল্যাটফর্ম ইকোসিস্টেমে উপস্থিত প্রকাশক, Curated Content Provider, Uncurated content provider দেরকে নিবন্ধন গ্রহণ করিতে হইবে এবং একইসাথে এই নীতিমালা এবং এই নীতিমালার অধীনে প্রণীতব্য সকল নিয়মকানুন, নির্দেশিকা মানিয়া চলিতে হইবে।

**০৬ নিবন্ধনের জন্য আবেদনের নিয়মাবলীঃ**

৬.১ সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অনুকূলে ৫,০০০/-(পাঁচ হাজার) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিয়ে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করা যাইবে। তবে বাংলাদেশের সরকারি প্রতিষ্ঠানের জন্য আবেদনপত্র সংগ্রহে কোনো প্রকার অর্থ প্রদান প্রযোজ্য হইবে না;

৬.২ সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অনুকূলে ফেরতযোগ্য আর্নেস্টমানি বাবদ বাংলাদেশি আবেদনকারী প্রতিষ্ঠানকে ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা এবং বিদেশি আবেদনকারী প্রতিষ্ঠানকে ২৫,০০,০০০/-(পঁচিশ লক্ষ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনের সাথে প্রদান করিতে হইবে। তবে সরকারি প্রতিষ্ঠানের জন্য আর্নেষ্টমানি প্রদান প্রযোজ্য হইবে না;

৬.৩ সরকারি কোনো প্রতিষ্ঠান ওটিটি প্ল্যাটফর্ম পরিচালনার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রশাসনিক অনুমোদেন থাকিতে হইবে এবং প্রশাসনিক অনুমোদনের প্রমাণক হিসেবে আবেদনের সাথে প্রদান করিতে হইবে;

৬.৪ বেসরকারি কোনো প্রতিষ্ঠান ওটিটি প্লাটফর্ম পরিচালনার জন্য উক্ত প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সভায় অনুমোদন থাকিতে হইবেএবং পরিচালনা পর্ষদের অনুমোদনের প্রমাণক হিসেবে আবেদনের সাথে সভার কার্যবিবরণী প্রদান করিতে হইবে;

৬.৫ আবেদনে ওটিটি প্ল্যাটফর্ম পরিচালনার জন্য সুস্পষ্টভাবে উদ্দেশ্য ও প্রচারিতব্য (সংবাদ ও টকশো ব্যতিত) তথ্য উপকরণের ধরন উল্লেখ করিতে হইবে; এবং

৬.৬ ওটিটি প্ল্যাটফর্ম সেবার কার্যক্রম পরিচালনার জন্য আবেদনের সাথে বাংলাদেশি প্রতিষ্ঠানের ক্ষেত্রে পরিচালনা পর্ষদের সকল সদস্যের নাগরিকত্ব ও বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র (এনআইডি) এর কপি এবং পাসপোর্ট থাকিলে তাহার কপি জমা প্রদান করিতে হইবে। তবে সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না।

**০৭ নিবন্ধনের জন্য আবেদন নির্বাচন পদ্ধতিঃ**

৭.১ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রাপ্ত আবেদনসমূহ প্রাথমিকভাবে যাচাই (Scrutiny) করিয়া বাংলাদেশি সরকারি প্রতিষ্ঠান, বাংলাদেশি বেসরকারি প্রতিষ্ঠান এবং বিদেশি প্রতিষ্ঠান হিসেবে শ্রেণিবদ্ধ করিয়া তালিকা প্রণয়ন করিবে;

৭.২ বাংলাদেশি বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিরাপত্তা ছাড়পত্রের বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় শ্রেণিবদ্ধ তালিকা অনুযায়ী পৃথকভাবে আবেদনসমূহ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগে প্রেরণ করিবে। নিবন্ধনের জন্য নিরাপত্তা ছাড়পত্র পাওয়া না গেলে কোন আবেদন নিবন্ধনের যোগ্য বিবেচিত হইবে না;

৭.৩ বাংলাদেশি সরকারি প্রতিষ্ঠানের জন্য নিরাপত্তা ছাড়পত্রের প্রয়োজন হইবে না। তবে ওটিটি প্ল্যাটফর্ম পরিচালনার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রশাসনিক অনুমোদন থাকিতে হইবে। মন্ত্রণালয়/বিভাগের প্রশাসনিক অনুমোদন পাওয়া না গেলে নিবন্ধনের জন্য কোনো আবেদন যোগ্য বলিয়া বিবেচিত হইবে না;

৭.৪ বিদেশি প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিরাপত্তা ছাড়পত্রের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রাপ্ত আবেদনসমূহ পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করিবে। অনুকূল নিরাপত্তা ছাড়পত্র পাওয়া না গেলে নিবন্ধনের জন্য কোনো আবেদন যোগ্য বলিয়া বিবেচিত হইবে না; এবং

৭.৫ প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অনুমোদন/নিরাপত্তা ছাড়পত্র পাওয়ার পর তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বাংলাদেশের ডিজিটাল মাধ্যমে তথ্য উপকরণ (Content) প্রকাশ, প্রচার বা সম্প্রচার করিবার উদ্দেশ্যে ওটিটি প্ল্যাটফর্ম কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধন প্রদান করিবে।

**০৮. নিবন্ধনের মেয়াদকাল ও ফিঃ**

৮.১ নিবন্ধনপত্র গ্রহণকালে নিবন্ধন ফি বাবদ বাংলাদেশি বেসরকারি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা এবং বিদেশি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা নির্ধারিত কোডে সরকারি ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করিয়া তাহার মূলকপি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে দাখিল করিতে হইবে। তবে সরকারি প্রতিষ্ঠানকে নিবন্ধনপত্র গ্রহণকালে কোনো প্রকার নিবন্ধন ফি প্রদান করিতে হইবে না; প্রযোজ্য ক্ষেত্রে বিধি মোতাবেক প্রদান করিতে হইবে।

৮.২ নিবন্ধনের মেয়াদকাল ৩(তিন) বছর হইবে; এবং

৮.৩ সরকার প্রয়োজনে নিবন্ধন ফি পুন: নির্ধারণ করিতে পারিবে।

**৯ নিবন্ধন নবায়নঃ**

৯.১ মেয়াদান্তে নিবন্ধনকৃত বাংলাদেশি প্রতিষ্ঠানকে ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা এবং বিদেশি প্রতিষ্ঠানকে ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা ফি প্রদান করে নিবন্ধন নবায়ন করিতে হইবে। সরকারি প্রতিষ্ঠান এর আওতামুক্ত থাকিবে;

৯.২ মেয়াদ শেষ হইবার ৩০ দিন পূর্বে নবায়ন ফি সরকারি ট্রেজারি চালানের মাধ্যমে নির্ধারিত কোডে জমা প্রদান করিয়া তাহার মূলকপিসহ নবায়নের জন্য লক্ষ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে আবেদন দাখিল করিতে হইবে;

৯.৩ নির্দিষ্ট সময়ের মধ্যে নবায়ন করিতে ব্যর্থ হইলে দেশীয় প্রতিষ্ঠান/ব্যক্তিকে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা এবং বিদেশি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা অতিরিক্ত ফি/জরিমানা জমা প্রদান করিয়া নিবন্ধন নবায়ন করিতে হইবে; এবং

**১০ নিবন্ধনের কার্যকারিতা স্থগিতকরণ ও বাতিলকরণঃ**

১০.১ সরকার নিম্নোক্ত এক বা একাধিক কারণে নিবন্ধনের কার্যকারিতা স্থগিত বা বাতিল করিতে পারিবে;

ক) নিবন্ধন সংক্রান্ত সরকারের কোনো পাওনা নির্দিষ্ট সময়ের মধ্যে পরিশোধ করিতে ব্যর্থ হইলে;

খ) এই নীতিমালার এক বা একাধিক উদ্দেশ্য ব্যাহত হইলে কিংবা শর্ত ভঙ্গ করিলে;

গ) বিটিসিএল বা সরকারি কোনো প্রতিষ্ঠানের কোনো শর্ত ভঙ্গ করিলে বা পাওনা পরিশোধে ব্যর্থ হইলে; এবং

ঘ) প্রচার বা সম্প্রচার কার্যক্রম অনধিক ০৩(তিন) মাস বন্ধ থাকিলে।

১০.২ নিবন্ধন বাতিলের পূর্বে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দানের জন্য সরকার ৩০(ত্রিশ) দিন সময় দিয়া নিবন্ধনকৃত সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানের নিকট ব্যাখ্যা চাইবে। নির্ধারিত সময়ের মধ্যে ব্যাখ্যা

প্রদান করিতে হইবে।নির্ধারিত সময়ের মধ্যে ব্যাখ্যা প্রদানে ব্যর্থ হইলে বা দাখিলীয় ব্যাখ্যা সরকারের নিকট গ্রহণযোগ্য না হইলে সরকার নিবন্ধন বাতিল করিতে পারিবে; এবং

১০.৩ নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধন নবায়ন করতে ব্যর্থ হইলে বেসরকারি ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিবন্ধন স্বয়ংক্রিয়ভাবে বাতিল করা হইবে। আগ্রহী প্রতিষ্ঠানকে নতুন করে নিবন্ধনের জন্য আবেদন করিতে হইবে।

১১. **উপকরণের বর্ণনা (Content description):**

১১.১ Online OTT Platform Provider গণের প্রতিটি Content প্রচারের পূর্বে age classification এর ভিত্তিতে ডিসক্লেমার মাধ্যমে বিষয়াদি সম্পর্কে দর্শকদের অবহিত করিবে

১১.২ প্রাপ্ত বয়স্ক দর্শকদের জন্য নির্ধারিত Content প্রচারের পূর্বে দর্শকদের বয়স সম্পর্কে নিশ্চিত হয়ে তা প্রচার করিতে হইবে;

১১.৩ OTT Platform Provider দের নিজস্ব ব্যবস্থাপনায় দর্শক প্রবেশাধিকার নিয়ন্ত্রণের জন্য Pin/Password ব্যবস্থা প্রবর্তন করিতে হইবে; এবং

১১.৪ কনটেন্ট প্লাটফর্মে অভিভাবকের নিয়ন্ত্রণ করিবার ব্যবস্থা প্রদান করিতে হইবে।

১২. **উপকরণ (কনটেন্ট) এর শ্রেণি বিভাগঃ**

১২.১ Online providerগণ তাহাদের প্রচারিত উপকরণ (Content) সম্পর্কে বয়স ভিত্তিক শ্রেণি বিভাগ দর্শকদের নিকট সুস্পষ্ঠভাবে উপস্থাপন করিবে; এবং

১২.২ Online providerগণ তাহাদের সম্প্রচারিত উপকরণ (Content) নিম্নবর্ণিত প্রকারে শ্রেণি বিণ্যাস করিবে-

(ক) সাধারণ দর্শকদের মধ্যে প্রদর্শনযোগ্য (G)।

(খ) পিতামাতার তত্ত্বাবধানে প্রদর্শনযোগ্য (PG)।

(গ) অভিভাবকদের তত্ত্বাবধানে প্রদর্শনযোগ্য (১২+ বয়স হতে ১৫ বয়স)।

(ঘ) বয়সের ভিত্তিতে প্রদর্শনযোগ্য (১৫+ বয়স হতে ১৭+ বয়স)

(ঙ) প্রাপ্ত বয়স্ক দর্শকদের মাঝে প্রদর্শনযোগ্য (১৮+বয়স)।

১৩. **নিষিদ্ধ তথ্য উপকরণঃ**

১৩.১ ইচ্ছাকৃত বা বিদ্বেষপূর্ণ কারণে কোনো উপকরণ (Content) দ্বারা জাতীয় সঙ্গীত, জাতীয় পতাকা, রাষ্ট্রীয় মূলনীতি ও মহান মুক্তিযুদ্ধের চেতনাকে অসম্মানিত করা যাইবে না;

১৩.২ শিশুর অংশগ্রহণে যৌনাচার বা যৌনাচার উদ্দীপনা সৃষ্টিকারী কোনো উপকরণ (Content) তৈরী বা সম্প্রচার করা যাইবে না;

১৩.৩ জাতি, ধর্ম বর্ণ বা কোন সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতিতে আঘাত সৃষ্টি করতে পারে এই ধরণের কোন উপকরণ (Content) তৈরী বা সম্প্রচার করা যাইবে না;

১৩.৪ সাম্প্রদায়িকতা, জঙ্গীবাদকে উৎসাহিত করে বা রাষ্ট্র ও সামাজিক স্থিতিশীলতা বিনষ্ট করে এই ধরণের কোন উপকরণ (Content) তৈরী বা সম্প্রচার করা যাইবে না;

১৩.৫ রাষ্ট্রের প্রচলিত আইন বা উপযুক্ত আদালত কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কোন উপকরণ (Content) তৈরী বা সম্প্রচার করা যাইবে না;

১৩.৬ সংজ্ঞায়িত কনটেন্ট ব্যতীত কোন ধরণের সংবাদ বা টকশো সম্প্রচার করা যাইবে না; এবং

১৩.৭ অন্যান্য দেশের সাথে বাংলাদেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্কের জন্য ক্ষতিকর এমন কনটেন্ট সম্প্রচার/প্রদর্শন করা যাইবে না ।

**১৪ . কনটেন্ট অপসারণঃ**

এই নীতিমালার ১৩ বিধির বিধান লংঘন করিয়া কোনো নিবন্ধিত প্ল্যাটফর্ম কোনো নিষিদ্ধ কন্টেন্ট সম্প্রচার করিলে নিবন্ধন কর্তৃপক্ষ ঐ নিষিদ্ধ কন্টেন্ট অপসারণের জন্য ওভার দ্যা টপ (ওটিটি) কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করিবেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাহা অপসারণে বাধ্য থাকিবে। এই ক্ষেত্রে নিবন্ধন কর্তৃপক্ষকে আইন প্রয়োগকারী সংস্থাসমূহ সার্বিক সহযোগিতা প্রদান করিবে।

**১৫. স্ব-নিয়ন্ত্রিত নিয়মাবলীঃ**

১৫.১ ওটিটি প্ল্যাটফর্ম তাদের উপকরণ (Content) সম্প্রচার/প্রদর্শন কালে রাষ্ট্রের প্রচলিত আইন, নীতিমালা ও বিচারিক নির্দেশনাকে বিবেচনায় নিতে হইবে;

১৫.২ স্বনিয়ন্ত্রিত নিয়মাবলী সব Online curated content provider, Uncurated content provider ও ওটিটি কনটেন্ট নির্মাতাগণকে বিবেচনায় নিয়া উপকরণ (Content) তৈরী ও সম্প্রচার/প্রদর্শন করিতে হইবে;

১৫.৩ Online curated content provider, Uncurated content provider ও ওটিটি কনটেন্ট নির্মাতাগণকে স্ব-নিয়ন্ত্রিত নিয়মাবলী বিবেচনায় রাষ্ট্রের প্রচলতি আইন এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে ইস্যুকৃত নির্দেশনা প্রতিপালন করে তাদের কার্যক্রম পরিচালনা করতে হবে;

১৫.৪ সাংবিধানিক বাধ্যবাধকতা ও অনলাইন গণমাধ্যম পরিচালনার সাথে সম্পৃক্ত রাষ্ট্রের প্রচলিত আইন, নীতিমালা ও বিধি বিধানকে অনুসরণপূর্বক তাহাদের তাদের কার্যক্রম পরিচালনা করিতে হইবে;

১৫.৫ ওটিটি প্ল্যাটফর্মের স্বাধীনতার ক্ষেত্রে আন্তর্জাতিক টেলিকমিউনিকেশন ইউনিয়ন (আইটিইউ), বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) ও বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানি লিমিটেড (বিটিসিএল) এর নীতি ও মানদণ্ড অনুসরণ নিশ্চিত করিতে হইবে;

১৫.৬ ওটিটি প্ল্যাটফর্মে সংজ্ঞায়িত কনটেন্ট ব্যতীত কেবলমাত্র বিনোদনমূলক অনুষ্ঠান, বিজ্ঞাপন ইত্যাদি প্রচার করা যাইবে। তবে কোনোক্রমেই সংবাদ বা টকশো পরিবেশন করা যাইবে না;

১৫.৭ কোনো কনটেন্টের উপর কোনো অভিযোগ উত্থাপিত হইলে তা যাচাই করিবার জন্য নিবন্ধিত ওটিটি প্লাটফর্ম সেবা প্রদানকারীকে তাহাদের প্রচারিত কনটেন্ট কমপক্ষে ১(এক) বছর যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে।

১৬. **অভিযোগ দায়ের, নিষ্পত্তি ও আপিলঃ**

১৬.১ প্রতিটি Online OTT Platform Provider (curated and uncurated) প্রতিষ্ঠানকে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নিয়োগ দিতে হইবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তার নাম, ই-মেইল নম্বরসহ যোগাযোগের ঠিকানা সর্বসাধারণের জন্য প্রকাশ করিতে হইবে;

১৬.২ কোন সংক্ষুদ্ধ ব্যক্তি, প্রতিষ্ঠান অথবা তার মনোনীত প্রতিনিধিকে তার নাম, ই-মেইল নম্বর, ইউজার আইডি, Title of the content প্রদর্শনের সময় ও অভিযোগের বর্ণনা সম্বলিত অভিযোগ সংশ্লিষ্ট Service Provider প্রতিষ্ঠানের অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তার বরাবরে প্রেরণ করিতে হইবে;

১৬.৩ অভিযোগ প্রাপ্তির ২১(একুশ) কর্ম দিবসের মধ্যে সংশ্লিষ্ট OTT Platform Provider (curated and uncurated) অভিযোগ নিষ্পত্তি করিতে ব্যর্থ হইলে বা গৃহীত সিদ্ধান্তে অভিযোগকারী সংক্ষুব্ধ হইলে অভিযোগকারী নিবন্ধন কর্তৃপক্ষের বরাবরে আবেদন করিতে পারিবে;

১৬.৪ নিবন্ধন কর্তৃপক্ষ উভয় পক্ষের বক্তব্য শ্রবণ করিয়া অভিযোগটি নিষ্পত্তি করিবেন;

১৬.৫ নিবন্ধন কর্তৃপক্ষ প্রযোজ্য ক্ষেত্রে ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর ৮ ধারার বিধানমতে ব্যবস্থা গ্রহণ করবে;

১৬.৬ নিবন্ধন কর্তৃপক্ষ প্রযোজ্য ক্ষেত্রে নিবন্ধন বাতিলের সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবেন;

১৬.৭ কনটেন্ট সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ ত্রৈমাসিক ভিত্তিতে নিবন্ধন কর্তৃপক্ষের কাছে গ্রাহক/ব্যবহারকারী কর্তৃক দাখিলকৃত অভিযোগের একটি প্রতিবেদন প্রদান করিবে; এবং

১৬.৮ কনটেন্ট সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ, ব্যবহারকারী নিবন্ধন কর্তৃপক্ষের কোনো সিদ্ধান্ত বা আদেশে সংক্ষুব্ধ হইলে উক্ত আদেশের বিরুদ্ধে সরকারের নিকট আপিল দায়ের করিতে পারিবে।

১৭. **মালিকানার শর্তাবলীঃ**

১৭.১ বাংলাদেশে ইন্টারনেট বা সমজাতীয় প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে তথ্য উপকরণ (Content) প্রকাশ, প্রচার বা সম্প্রচার করিবার জন্য বাংলাদেশি কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান একক বা যৌথভাবে ওটিটি প্ল্যাটফর্ম (curated, uncurated) প্রতিষ্ঠানের মালিক হইতে পারিবে;

১৭.২ বাংলাদেশে ইন্টারনেট বা সমজাতীয় প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে তথ্য উপকরণ (Content) প্রকাশ, প্রচার বা সম্প্রচার করিবার জন্য বিদেশি কোনো প্রতিষ্ঠান এককভাবে ওটিটি প্ল্যাটফর্ম (curated, uncurated) প্রতিষ্ঠানের মালিক হইতে পারিবে;

১৭.৩ কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের ক্ষেত্রে পরিচালনা পর্ষদের প্রত্যেক সদস্যের বয়স নূন্যতম ১৮ বছর হইতে হইবে;

১৭.৪ ফৌজদারি অপরাধ বা নৈতিক স্খলনজনিত কারণে দণ্ডিত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান একক বা যৌথভাবে ওটিটি প্ল্যাটফর্ম (curated, uncurated) এর মালিক হওয়ার অযোগ্য হইবেন;

১৭.৫ জাতীয় রাজস্ব বোর্ড বা বাংলাদেশের অন্য কোনো সরকারি প্রতিষ্ঠানে কর/ভ্যাট/লোন/বিল খেলাপী কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান একক বা যৌথভাবে ওটিটি প্ল্যাটফর্ম (curated, uncurated) পরিচালার অযোগ্য হইবেন;

১৭.৬ যৌথভাবে পরিচালিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে শেয়ার মালিকদের মালিকানায় শতকরা হার সুস্পষ্টভাবে উল্লেখ থাকিতে হইবে;

১৭.৭ ওটিটি প্ল্যাটফর্ম (curated, uncurated) পরিচালনাকারী প্রতিষ্ঠানকে কোম্পানী আইন ১৯৯৪ এর অধীনে বাংলাদেশে নিবন্ধিত হইবে।

**১৮ বিবিধঃ**

১৮.১ এই নীতিমালার আলোকে প্রতিটি ওটিটি প্রতিষ্ঠানকে সুনির্দিষ্ট চার্টার অব ডিউটি প্রণয়ন করিতে হইবে এবং নিবন্ধন প্রাপ্তির ০৩(তিন) মাসের মধ্যে নিবন্ধন কর্তৃপক্ষের বরাবরে জমা দিতে হবে। তবে শর্ত থাকে যে, চার্টার অব ডিউটির কোনো বিধি-বিধান এই নীতিমালার পরিপন্থী হইতে পারবে না; এবং

১৮.২ নিবন্ধন কর্তৃপক্ষ প্রযোজ্য ক্ষেত্রে নিবন্ধিত ওটিটি প্রতিষ্ঠান পরিদর্শনসহ যে কোন বিষয়ে কৈফিয়ত তলব করিতে পারিবে। এক্ষেত্রে নিবন্ধিত প্রতিষ্ঠান নিবন্ধন কর্তৃপক্ষকে সার্বিক সহযোগিতা প্রদানে বাধ্য থাকিবে;

**১৯ ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশঃ**

১৯.১ এই নীতিমালা কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই নীতিমালা ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ প্রকাশ করিতে পারিবে; এবং

১৯.২ বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।